গুডনেইবারস বড়াইল মহিলা সমবায় সমিতি লিঃ, গ্রাম/মহল্লাঃকলিঙ্গা , ডাকঃ হিন্দাকসবা, উপজেলাঃ ক্ষেতলাল,জেল জয়পুরহাট নির্বাচন কমিটি কর্তৃক অনুষ্ঠিত প্রথম সভার কার্যবিবরণী।

সভার তারিখ: ১১/১১/২৪ খ্রি. স্থান: সমিতির কার্যালয়। সময়: বিকাল ৩ টা হতে ৫ টা পর্যন্ত।

| ক্রমিক | নাম ও পরিচিতি | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | বিধান কুমার সরকার, সভাপতি, নির্বাচন কমিটি, গুডনেইবারস বড়াইল মহিল ও সরেজমিনে তদন্তকারী, জেলা সমবায় অফিস, জয়পুরহাট। | সভাপতি | |
| ২ | মোঃ ওয়াহেদুজ্জামান,সদস্য, নির্বাচন কমিটি, গুডনেইবারস বড়াইল মহিলা ও পরিদর্শক, জেলা সমবায় অফিস, জয়পুরহাট। | সদস্য | |
| ৩ | মোঃ আমিরুল ইসলাম,সদস্য, নির্বাচন কমিটি, গুডনেইবারস বড়াইল মহিলা ও সহঃপরিদর্শক,উপজেলা সমবায় অফিস,ক্ষেতলাল,জয়পুরহাট। | সদস্য | |

আলোচ্য বিষয়ঃ

১। নির্বাচনী তফসিল ঘোষণা ও নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য/অনুসরণীয় বিষয় নির্ধারণ।

নির্বাচন কমিটির সভাপতি জনাব বিধান কুমার সরকার সাহেবের সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভাপতি সাহেব কমিটির সদস্যদের শুভেচ্ছা জানিয়ে আগামী ১২/১২/২৪ খ্রি.তারিখে অনুষ্ঠিতব্য সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনী তফসিল এবং নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য ও অনুসরণীয় বিষয় নির্ধারণের জন্য আলোচনার আহ্বান জানান।

সভাপতি সাহেবের আহ্বানে নির্বাচন কমিটির সদস্য জনাব মোঃ ওয়াহেদুজ্জামান জানান যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১২/১২/২৪ খ্রি. তারিখ রোজ বৃহসপ্রতিবার অনুষ্ঠিতব্য সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ০১ জন সভাপতি, ০১ জন সহ-সভাপতি, ০ জন সম্পাদক, ০১ জন কোষাধ্যক্ষ এবং ০২ জন কার্যনির্বাহী সদস্য বিধি মোতাবেক নির্বাচিত হবেন। আসন্ন নির্বাচন পরিচালনার লক্ষ্যে তিনি বি মোতাবেক নির্বাচনী তফসিল প্রণয়ন ও ঘোষণা করার প্রস্তাব দেন।

প্রস্তাবের প্রেক্ষিতে সভায় সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৭(১) বিধিমতে প্রণীত নিম্নবর্ণিত নির্বাচনী তফসিল সর্বসম্মতিক্র ঘোষিত ও গৃহিত হয়। তফসিল সমিতির নোটিশ বোর্ডে টাঙ্গানোসহ সংশ্লিষ্ট সকলকে সরবরাহ করার সিদ্ধান্ত গৃহিত হয়।

নির্বাচনী তফসিলঃ

| ক্রম | কর্মসূচী | স্থান | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ণ পত্র বিতরণ/বিক্রয় | সমিতির কার্যালয় | ১৪/১১/২৪ খ্রিঃ । | সকাল ১০ টা হতে দুপুর ০২ টা পর্যন্ত। |
| ০২ | মনোনয়ণ পত্র দাখিল/গ্রহন | ঐ | ১৯/১১/২০২৪ খ্রি: | সকাল ১০ টা হতে দুপুর ০২ টা পর্যন্ত। |
| ০৩ | মনোনয়ণ পত্র বাছাই ও মনোনয়ণ পত্রের খসড়া তালিকা প্রকাশ | ঐ | ২০/১১/২০২৪ খ্রি: | বেলা ১২.০০ টায়। |
| ০৪ | প্রার্থীর মনোনয়ণ পত্র বিষয়ে আপীল আবেদন দাখিল (সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৯ বিধি মতে) | জেলা সমবায় কর্মকর্তা, জয়পুরহাট | ২১/১১/২০২৪ খ্রি: ও ২৪/১১/২০২৪ খ্রিঃ | অফিস চলাকালীন সময়ে |
| ০৫ | আপীল আবেদনের উপর শুনানী ও সিদ্ধান্ত প্রদান(সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৯(২) বিধি | ঐ | ২৫/১১/২০২৪ খ্রি: ২৬/১১/২০২৪ খ্রি: ২৭/১১/২০২৪ খ্রি: | ঐ |
| ০৬ | বৈধ ও বাতিলকৃত প্রার্থীর চুড়ান্ত তালিকা প্রকাশ | সমিতির নোটিশ বোর্ড। | ২৮/১১/২০২৪ খ্রি: | সকাল ১০ টা হতে বেলা ১২ টা পর্যন্ত। |
| ০৭ | প্রার্থীত পদ প্রত্যাহার চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ। | সমিতির কার্যালয় | ৩০/১১/২০২৪ খ্রি: | সকাল ১০ টা হতে দুপুর ০২ টা পর্যন্ত। |
| ০৮ | প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মাঝে প্রতীক বরাদ্দ | সমিতির কার্যালয় | ০২/১২/২৪ খ্রিঃ | বেলা ১১ টা হতে দুপুর ০১ টা পর্যন্ত। |
| ০৯ | ভোট গ্রহন, ভোট গণণা ও বিশেষ সাধারণ সভায় নির্বাচনী ফলাফল ঘোষণা। | সমিতির কার্যালয় | ১২/১২/২৪ খ্রিঃ | সকাল ১০ টা হতে বিকেল ৪ টা পর্যন্ত। |

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত নির্বাচনী প্রতীক ও অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্রের মূল্যঃ

| ক্রমিক | পদের নাম | নির্ধারিত প্রতীক | মনোনয়নপত্রের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|
| ১ | সভাপতি | ফুটবল,আম,মাছ,চেয়ার,আনারস | |
| ২ | সহ-সভাপতি | ডাব,মটর সাইকেল,টেলিভিশন,মোরগ,মাইক,হাতি | |

| | | | |
|---|---|---|---|
| ৩ | সম্পাদক | বাঘ,মোমবাতি,টেবিল,হারিকেন,সিংহ | |
| ৪ | কোষাধ্যক্ষ পদে | হরিণ,ছাতা,মোবাইল,খেজুর গাছ,দেওয়াল ঘড়ি | |
| ৫ | সদস্য | টিউবয়েল,গোলাপ ফুল,শাপলা ফুল,কলস,মই,কাঁঠাল,ডালিম,বাই-সাইকেল,কাপ-পিরিচ,বই,তালাচাবি,বালতি,কোদাল | |

নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য ও অনুসরণীয় বিষয়ঃ

১। মনোনয়ন পত্রের নির্ধারিত মূল্য (অফেরৎযোগ্য) সমিতির হিসাব শাখায় জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে মনোনয়নপত্র গ্রহণ করতে হবে।

২। গৃহিত মনোনয়নপত্র সমিতির সভাপতি কর্তৃক সত্যায়ন এবংজেলা/উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষর করে নির্ধারিত সময়ের মধ্যে দা‍ি করতে হবে। নির্ধারিত সময়ের পর ডাকযোগ/অন্য কোনো পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়নপত্র গ্রহণযোগ্য নয়।

৩। প্রার্থীর সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও মনোনয়নপত্রের ফি জমার রশিদ মনোনয়নপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৪। অসম্পূর্ণ, ঘষামাজা করা বা ফ্লুইড দেয়া এবং ভুল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। প্রার্থীর বয়স কমপক্ষে ২১ বছর হতে হবে এবং প্রার্থীকে অন্তত ১২ মাসব্যাপী সমিতির সদস্য হিসেবে বহাল থাকতে হবে।

৬। একাদিক্রমে ৩টি মেয়াদে নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির কোনো সদস্য উক্ত মেয়াদের অব্যবহিত পরবর্তী একটি মেয়াদের নির্বাচনে প্রার্থী হওয়ার যোগ্য হ‍ না।

৭। একই প্রার্থী একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

৮। সমিতির বেতনভুক্ত কোনো কর্মচারি বা সমিতির সঙ্গে সম্পৃক্ত কোনো ঠিকাদার বা ব্যবসায়ী নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

৯। ঋণ, অগ্রিম বা সমিতির উপ-আইনে বর্ণিত অন্যান্য পাওনা পরিশোধের ক্ষেত্রে খেলাপি হিসেবে চিহ্নিত ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

১০। সমবায় সমিতি আইন, ২০০১ এর ধারা ১৭(৬), ১৯ ও ৩৭ এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ ও ৮৮(৩) বিধির ব্যত্যয় ঘটিয়ে কোনো প্র নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

১১। মনোনয়নপত্রে প্রার্থী প্রদত্ত তথ্যাদির সঠিকতা যাচাই করার জন্য প্রয়োজনীয় রেকর্ডপত্র মনোনয়নপত্র বাছাই এর পূর্বে নির্বাচন কমিটির নিকট উপস্থা করতে হবে।

১২। কোনো পদে প্রার্থী সংখ্যা নির্ধারিত প্রতীক সংখ্যার অধিক হলে নির্বাচন কমিটি নতুন প্রতীক ব্যবহার করতে পারবে এবং একই প্রতীক একাধিক প্রার্থী দ করলে লটারির মাধ্যমে প্রতীক বরাদ্দ করা হবে।

১৩। ভোট গ্রহণের ৩৬ ছত্রিশ ঘণ্টা পূর্বে হতে নির্বাচনী প্রচারনা বন্ধ রাখতে হবে।

১৪। ভোট গ্রহণ পর্যবেক্ষণ করার জন্য প্রত্যেক প্রার্থীর একজন পোলিং এজেন্ট থাকতে পারবেন। ভোট গ্রহণের কমপক্ষে ১ ঘণ্টা পূর্বে নির্ধারিত ফরমে পো‍ি এজেন্ট নিয়োগের জন্য নির্বাচন কমিটির নিকট আবেদন করতে হবে।

১৫। ভোট কেন্দ্রের অভ্যন্তরে পোস্টার, ব্যানার বা অন্য কোনো প্রচার মাধ্যম রাখা যাবে না এবং ভোট গ্রহণ কক্ষে মোবাইল ফোন বা অন্য কোনো ইলেকট্রি ডিভাইস ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে।

১৬। ঘোষিত নির্বাচনী তফসিল পরিবর্তন/সংশোধনের ক্ষমতা নির্বাচন কমিটি কর্তৃক সংরক্ষিত।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

বিধান কুমার সরকার
সভাপতি, নির্বাচন কমিটি
গুডনেইবারস বড়াইল মহিলা সঃসঃলিঃ
ও সরেজমিনে তদন্তকারী, জেলা সমবায় অফিস, জয়পুরহাট।